গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

**ঢাকা, সোমবার ১৬ মার্চ ২০১৫, ২ চৈত্র ১৪২১**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। নাশকতার বিরুদ্ধে রুখে দাঁড়াবার এখনই সময় : প্রধানমন্ত্রী
২। আইন–শৃঙ্খলা বাহিনীর হেফাজতে নেই সালাহউদ্দিন আহমেদ : হাইকোর্টে প্রতিবেদন
৩। সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষে অস্ত্র উদ্ধার ও সন্ত্রাসী গ্রেফতারে অভিযানে নামছে র‌্যাব-পুলিশ
৪। সিলেটে অপহরণের পর নৃশংসভাবে শিশু হত্যা
৫। প্রাথমিক বৃত্তি পেল ৫৪ হাজার ৪৮১ জন শিক্ষার্থী
৬। আইসিটি খাতে চার পুরস্কার, বহির্বিশ্বে দেশের সুনাম বৃদ্ধি
৭। আসন্ন এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস নিয়ে সতর্ক প্রশাসন
৮। এডিবির পুরস্কার পেল চার প্রকল্প
৯। সুন্দরবনের শ্যালা নদী ও মানিকগঞ্জের পদ্মায় দুর্ঘটনায় নৌযান চালকের অসতর্কতা ও বেপরোয়া গতি দায়ী
১০। দীঘিনালায় পাহাড়িদের সঙ্গে সেনা ও পুলিশের সংঘর্ষ

চলমান পাতা/২

১। নাশকতার বিরুদ্ধে রুখে দাঁড়াবার এখনই সময় : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সন্ত্রাস-নাশকতার বিরুদ্ধে ঐক্যবদ্ধ প্রতিরোধ গড়ে তোলার জন্য দেশবাসীর প্রতি উদাত্ত আহ্বান জানিয়ে বলেছেন, আমাদের সংগ্রাম এখনও শেষ হয়নি। রাজনীতির নামে জঙ্গীবাদী তৎপরতা, সন্ত্রাস, নাশকতা, মানুষকে পুড়িয়ে হত্যাসহ নানাভাবে দেশের মানুষের ওপর জুলুম-নির্যাতন চালানো হচ্ছে। যারা মানুষের অধিকার কেড়ে নিতে চায়, দেশকে এগিয়ে যাওয়ার পথে বাধা দেয়-তাদের বিরুদ্ধে রুখে দাঁড়ানোর এখনই সময়। গতকাল ১৫ মার্চ রোববার রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ঐতিহাসিক ৭ মার্চ উপলক্ষে আয়োজিত এক সেমিনারে সভাপতির বক্তব্য রাখতে গিয়ে প্রধানমন্ত্রী এ আহ্বান জানান।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, নাশকতা বন্ধে যা করা প্রয়োজন সরকার তাই করবে, কারণ দেশের উন্নয়ন ব্যাহত করার অধিকার কারো নেই। বিএনপি-জামায়াত জোটের সন্ত্রাসী ও ধ্বংসাত্মক কর্মকাণ্ডের বিরুদ্ধে জনগণকে সোচ্চার হওয়ার আহ্বান জানান তিনি। গতকাল ১৫ মার্চ রোববার আগারগাঁওয়ে বিসিসি ভবনে ডাক, টেলিযোগাযোগ ও তথ্য-প্রযুক্তি মন্ত্রণালয় পরিদর্শন ও মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময়কালে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.২), ইত্তেফাক (পৃ.১,ক.৩), প্রথম আলো (পৃ.২,ক.২), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.২), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৩)। নিউজ টুডে এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

২। আইন–শৃঙ্খলা বাহিনীর হেফাজতে নেই সালাহউদ্দিন আহমেদ : হাইকোর্টে প্রতিবেদন

বিএনপির যুগ্ম-মহাসচিব সালাহউদ্দিন আহমেদকে খুঁজে পায়নি আইন-শৃখলা রক্ষাকারী বাহিনী। এমনকি গ্রেফতার বা তাদের হেফাজতেও নেই তিনি। তাকে খুঁজে বের করার সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রয়েছে। হাইকোর্টের রুলের জবাবে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর পক্ষ থেকে আদালতে দাখিলকৃত পৃথক পৃথক প্রতিবেদনে এসব কথা বলা হয়েছে। গতকাল ১৫ মার্চ রোববার ডিএমপি কমিশনার, র‍্যাব ডিজি, গোয়েন্দা সংস্থা সিআইডি ও এসবির পক্ষ থেকে এসব প্রতিবেদন আদালতে উপস্থাপন করেন অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.১), যুগান্তর (পৃ.১,ক.৩), সংবাদ (পৃ.১,ক.১)। প্রথম আলো, জনকণ্ঠ, ইনকিলাব, যায়যায়দিন, ডেইলি স্টার এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৩। সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষে অস্ত্র উদ্ধার ও সন্ত্রাসী গ্রেফতারে অভিযানে নামছে র‍্যাব-পুলিশ

অচিরেই অনুষ্ঠিত হতে যাচ্ছে রাজধানীর দুই সিটি কর্পোরেশনের নির্বাচন। এখন এই নির্বাচনকে সামনে রেখে এবং পরিস্থিতি নিজেদের নিয়ন্ত্রণে রাখতে পেশাদার অপরাধীদের ধরতে চায় আইন-শৃঙ্খলা বাহিনী। এ কারণেই খুব শিগগিরই পোশাদার অপরাধীদের বিরুদ্ধে অভিযানে নামতে যাচ্ছে র‍্যাব-পুলিশ। ঢাকা মেট্রোপিলিটন পুলিশের উপ-কমিশনার (মিডিয়া) মাসুদুর রহমান বলেন, সিটি কর্পোরেশন নির্বাচন যাতে নির্বিঘ্নে হয় তার জন্য আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণে রাখতে পুলিশের যা যা করা দরকার তার সবই করা হবে। নির্বাচন কমিশনের নির্দেশনা অনুযায়ী ঢাকা মেট্রোপলিটন পুলিশ ব্যবস্থা নেবে। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.২), সংবাদ (পৃ.১,ক.৩), ডেইলি সান (শেষ পৃ.,ক.৩)।

৪। সিলেটে অপহরণের পর নৃশংসভাবে শিশু হত্যা

অপহরণকারীদের চিনে ফেলায় শেষ পর্যন্ত মুক্তিপণ না নিয়েই নির্মমভাবে শ্বাসরোধে হত্যা করা হয়েছে সিলেটের ৯ বছরের শিশু আবু সাঈদকে। গত ১৪ মার্চ শনিবার রাত ১১টায় নগরীর কুমারপাড়া এলাকায় এক পুলিশ কনস্টেবলের বাসা থেকে উদ্ধার করা হয়েছে তার বস্তাবন্দি লাশ। এ ঘটনায় কনস্টেবল এবাদুর রহমানসহ তিনজনকে গ্রেফতার করা হয়েছে। নিহত সাঈদ শাহ মীর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের চতুর্থ শ্রেণীর ছাত্র। সূত্র-প্রথম আলো (পৃ.১,ক.২), সংবাদ (পৃ.১,ক.২), ডেইলি স্টার (পৃ.১,ক.৩), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৩)। যুগান্তর, নিউ নেশন এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৫। প্রাথমিক বৃত্তি পেল ৫৪ হাজার ৪৮১ জন শিক্ষার্থী

প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার বৃত্তির ফল প্রকাশ করা হয়েছে। এবার সর্বমোট ৫৪ হাজার ৪৮১ শিক্ষার্থী বৃত্তি পেয়েছে। গতকাল ১৫ মার্চ রোববার দুপুর ২টা থেকে প্রাথমিক শিক্ষা অধিদফতরের ওয়েব সাইটে (www.dpe.gov.bd) বৃত্তির ফল পাওয়া যাচ্ছে। এদিকে এই পরীক্ষার সঙ্গে অনুষ্ঠিত মাদ্রাসার ইবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষার ফল আগামী ১৮ মার্চ বুধবার প্রকাশ করা হবে। সূত্র-যুগান্তর (শেষ পৃ.,ক.১), প্রথম আলো (পৃ.১,ক.১), ইনকিলাব (পৃ.১,ক.১), ডেইলি স্টার (পৃ.২,ক.২), ডেইলি সান (পৃ.২,ক.২)।

৬। আইসিটি খাতে চার পুরস্কার, বহির্বিশ্বে দেশের সুনাম বৃদ্ধি

ডিজিটাইজেশন প্রক্রিয়ায় আইসিটি খাতের অসাধারণ অগ্রগতিতে চারটি আন্তর্জাতিক পুরস্কার অর্জন করেছে বাংলাদেশ। পুরস্কারগুলো হলো-সাউথ সাউথ এওয়ার্ড ২০১১, সাউথ সাউথ কো-অপারেশন ভিশনারি এওয়ার্ড-২০১৪, ওয়ার্ল্ড সামিট অন ইনফরমেশন সোসাইটি (ডব্লিউএসআইএস) প্রাইজ ২০১৪ ও গ্লোবাল আইসিটি এক্সিলেন্স এওয়ার্ড (ডব্লিউআইটিএসএ)-২০১৪। বাংলাদেশে ডিজিটাইজেশনের যে জোয়ার বইছে তার গতি বৃদ্ধি করতে পুরস্কার প্রাপ্তির বিশেষ অবদান রয়েছে বলে দাবি করা হয়। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ.,ক.২)।

৭। আসন্ন এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস নিয়ে সতর্ক প্রশাসন

বিভিন্ন পাবলিক পরীক্ষায় বারবার প্রশ্নপত্র ফাঁস হচ্ছে। এমন অভিযোগের ভিত্তিতে প্রশ্ন ফাঁসকারী চক্রের হোতাদের চিহ্নিত করে আইনের আওতায় আনতে নানা পদক্ষেপ নেওয়া হয়েছে। গোয়েন্দা পুলিশ রাজধানীর তেজগাঁও বিজি প্রেসে সর্বক্ষণ নজরদারি করছে। পুরো বিজি প্রেসকে ঘিরে ১শ'রও বেশি সিসি টিভি স্থাপন করা হয়েছে। বিজি প্রেসের ২শ'র বেশি কর্মচারী ও কর্মকর্তার নাম-ঠিকানা সংগ্রহ করে তাদের গতিবিধির ওপর গোয়েন্দা পুলিশের টিম কাজ করছে। ডিবির ডিসি উত্তর শেখ নাজমুল আলম বলেন, আসছে এইচএসসি (উচ্চ মাধ্যমিক) পরীক্ষাসহ সব ধরনের পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস ঠেকাতে আইনশৃঙ্খলা বাহিনী সর্বক্ষণ তৎপর রয়েছে। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.২)।

৮। এডিবির পুরস্কার পেল চার প্রকল্প

নির্দিষ্ট মেয়াদে প্রকল্প বাস্তবায়নে দক্ষতা দেখিয়ে এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) স্বীকৃতি পেয়েছে চার প্রকল্প। বাংলাদেশে চলমান এডিবি'র সেরা চারটি প্রকল্পের কর্মকর্তাদের পুরস্কার দিয়েছে সংস্থাটি। বাস্তবায়নে দক্ষতা, কাঙ্ক্ষিত ফলাফল অর্জনে সফলতা, নারীদের সক্ষমতা বাড়ানো, স্বচ্ছতা ও অন্যান্য বিষয় বিবেচনা করে সেরা প্রকল্প নির্বাচন করা হয়েছে। ২০০১ সাল থেকেই সেরা প্রকল্প নির্বাচন করে আসছে সংস্থাটি। গতকাল ১৫ মার্চ রোববার এডিবি কার্যালয় থেকে প্রেরিত এক বিবৃত্তিতে এ তথ্য জানানো হয়। সূত্র-যুগান্তর (পৃ.১৫,ক.১), প্রথম আলো (পৃ.১২,ক.২), জনকণ্ঠ (পৃ.১৮,ক.৪), ডেইলি স্টার বিজনেস (পৃ.১,ক.৪), ডেইলি সান বিজনেস (পৃ.১,ক.৩)।

৯। সুন্দরবনের শ্যালা নদী ও মানিকগঞ্জের পদ্মায় দুর্ঘটনায় নৌযান চালকের অসতর্কতা ও বেপরোয়া গতি দায়ী

বাগেরহাটের সুন্দরবনের মধ্যে শ্যালা নদীতে তেলবাহী ট্যাংকার 'ওটি সাউদার্ন স্টার-৭' এবং মানিকগঞ্জের পদ্মা নদীতে যাত্রীবাহী 'এমডি মোস্তফা' লঞ্চ ডুবির ঘটনায় নৌযানের চালকদের অসতর্কতা ও বেপরোয়া গতিকে দায়ী করেছে তদন্ত কমিটি। এছাড়া তেলবাহী ট্যাংকার সার্ভের নীতিমালা তৈরি ও শ্যালা নদীতে নৌচলাচল বন্ধ করে দ্রুত মংলা-ঘষিয়াখালী নৌ চ্যানলটি চালুর সুপারিশ করেছে তদন্ত কমিটি। পাশাপাশি দেশের বড় নদীবন্দরগুলোতে উদ্ধারকারী জাহাজ রাখার সুপারিশ করেছেন তারা। একই সঙ্গে এই দুটি দুর্ঘটনায় দায়ী চালকদের নৌ-আদালতের মাধ্যমে বিচার ব্যবস্থার সুপারিশ করেছে তদন্ত কমিটি। এছাড়া এই নৌদুর্ঘটনায় নৌপথের নিরাপত্তা, প্রশাসনিক ব্যবস্থা ও আইনগত সুপারিশসহ মোট ৪৭টি সুপারিশ করেছে ওই দুর্ঘটনায় গঠিত তদন্ত কমিটি। গতকাল ১৫ মার্চ রোববার তদন্ত কমিটির আহ্বায়ক নৌ-মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (টাস্কফোর্স) নূর-উর রহমান, নৌমন্ত্রী শাজাহান খান ও নৌ সচিব শফিক আলম মেহেদীর নিকট এই তদন্ত প্রতিবেদন জমা দেন। সূত্র-সংবাদ (শেষ পৃ., ক.৩), প্রথম আলো (পৃ.২,ক.২), ইনকিলাব (শেষ পৃ.,ক.২), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.২)।

১০। দীঘিনালায় পাহাড়িদের সঙ্গে সেনা ও পুলিশের সংঘর্ষ

খাগড়াছড়ির বাবুছড়ায় বিজিবি ক্যাম্প প্রত্যাহারের দাবিতে ইউপিডিএফের ও আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যদের মধ্যে ব্যাপক সংঘর্ষ হয়েছে। এতে নির্বাহী ম্যাজিস্ট্রেট মিজানুর রহমান ও আইনশৃঙ্খলা বাহিনীর নয় সদস্যসহ অন্তত ১৩ জন আহত হয়েছে। এ সময় পুরো এলাকা রণক্ষেত্রে পরিণত হয়। আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা লাঠিচার্জ ও ফাঁকা গুলি ছুড়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ.,ক.২), ইত্তেফাক (শেষ পৃ.,ক.২), সংবাদ (পৃ.১,ক.৩), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.২), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.১)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো : সরকারদলীয় সাংসদ আমানুর রহমানকে খুনের মামলার আসামী হিসেবে পলাতক উল্লেখ করে অবিলম্বে প্রধানমন্ত্রীর কড়া নির্দেশক্রমে অভিযুক্ত সাংসদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার পাশাপাশি দল থেকে বহিস্কারের দাবি;

খ. ইত্তেফাক : সংস্কারের অভাবে বাংলাদেশে ৩২৭টি রেলসেতু ঝুঁকিপূর্ণ অবস্থায় থাকার খবরে উদ্বেগ প্রকাশ করে রেলওয়ের বিশেষ করে পূর্বাঞ্চলের অধিক ঝুঁকিপূর্ণ রেলসেতুগুলি সংস্কারে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান;

গ. জনকণ্ঠ : নারীর প্রতি সহিংসতা রোধে আইনি প্রতিকারের পাশাপাশি সামাজিক প্রতিরোধও গড়ে তোলার ওপর গুরুত্বারোপ;

ঘ. সংবাদ : দেশের ব্লাড ব্যাংকগুলো অনিরাপদ-অরক্ষিত হওয়ায় রক্ত সঞ্চালন ব্যবস্থাকে নিরাপদ করতে একটি কেন্দ্রীয় নিয়ন্ত্রণ ব্যবস্থা কার্যকর করার সুপারিশ;

ঙ. যুগান্তর : হাসপাতালের বর্জ্য ব্যবস্থাপনার বিষয়ে সব অনিয়ম ও অসঙ্গতি দূর করার ব্যবস্থা নেওয়া হবে এই প্রত্যাশা ব্যক্ত;

চ. ডেইলি স্টার : সোয়াইন ফ্লু প্রতিরোধে সর্বোচ্চ সতর্কতামূলক ও প্রতিরোধমূলক ব্যবস্থা জোরদার করার ওপর গুরুত্বারোপ;

ছ. ইন্ডিপেনডেন্ট : রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে মেডিক্যাল বর্জ্য ধ্বংস না করে রিসাইকেল করে পুনরায় ব্যবহার করায় জনস্বাস্থ্য হুমকির মুখে পড়ায় বর্জ্য সম্পূর্ণরূপে পুড়িয়ে ফেলার আহ্বান;

জ. ডেইলি সান : দেশের প্রায় ৫০ লাখ শিশু কিডনি জটিলতায় আক্রান্ত উল্লেখ করে শিশুখাদ্য, দুধ, মুরগি ও

ফলমূল সম্পূর্ণরূপে ভেজালমুক্ত রাখার ব্যবস্থা গ্রহণের সুপারিশ;

ঝ. নিউ নেশন, নিউ এজ : দেশের ৪২,৭৯২টি শিল্প কারখানার মধ্যে ২৩,৫৮৯টি প্রতিষ্ঠানে নিরাপত্তা ক্লিয়ারেন্স থাকার উল্লেখ করে বাকীদেরও নিরাপদ কাজের পরিবেশ নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণের ওপর গুরুত্বারোপ;

ঞ. ফিনানসিয়াল এক্সপ্রেস : জনপ্রশাসনের সেবা ই-সার্ভিসের অন্তর্ভুক্ত করা হলে প্রশাসনের দুর্নীতি কমে আসবে বলে অভিমত প্রকাশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত কলামে সাম্প্রদায়িকতাকে বহাল রেখে গণতন্ত্র প্রতিষ্ঠা যেমন অসম্ভব, তেমনি গণতন্ত্রকে কলুষিত করে সাম্প্রদায়িক বিপদ থেকে উদ্ধার পাওয়া সম্ভব নয় বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

সমকাল পত্রিকায় প্রকাশিত 'মুক্তিযুদ্ধের চেতনা ও সাংবিধানিক ধারাবাহিকতা' শিরোনামের নিবন্ধে শরীফ নুরুল আম্বিয়া একটি সমৃদ্ধ গণতান্ত্রিক সমাজ নির্মাণকল্পে দৃঢ়তার সঙ্গে দেশের সংবিধান অনুসরণ ও এর ধারাবাহিকতা রক্ষা করতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা